দৈনিক খবর

তারিখ ... 08 SEP 1992 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

৩৮

131

### থানা শিক্ষা অফিসারের বিরুদ্ধে অভিযোগ

# আট জন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এগারো মাস বেতন পাননি

নওগাঁ, ৭ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– নওগাঁ জেলার নিয়ামতপুর থানা শিক্ষা অফিসারের উৎকোচের দাবী মেটাতে না পারায় থানার নিমদীঘি ও দীঘিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৮ জন শিক্ষক দীর্ঘ দিন যাবত বেতন না পেয়ে মানবেতর জীবন যাপন করছে। ১৯৮৬ সালে স্কুল দু'টি সরকারের উন্নয়ন খাতের অন্তর্ভূক্তি করা হলেও শিক্ষকরা অনিয়মিতভাবে বেতন–ভাতাদি পেয়ে আসছিল। কিন্তু ১–৬–৯১ তারিখ থেকে বেতন ভাতাদি সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যায়।

এ ব্যাপারে শিক্ষকগণ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানালে গত ৩০–৩–৯২ তারিখের শিক্ষামন্ত্রণালয়ের সিনিয়র সচিবের ৭–৫–৯২ নং পত্রে ১–৭–৯২ তারিখ থেকে অস্থায়ীভাবে রাজস্বখাতে (১৩৭) শিক্ষা) স্থানান্তর করেন এবং উল্লেখিত ৮ জন শিক্ষকের বকেয়া বেতন ভাতাদি পরিশোধের নির্দেশ দেন।

এর প্রেক্ষিতে শিক্ষকরা গত ২৪–৫–৯২ তারিখে নিয়ামতপুর থানা শিক্ষা অফিসে বেতন ভাতাদির আবেদন জানালে মন্ত্রণালয়ের নির্দেশক উপেক্ষা করে উৎকোচ না দিলে বিল দিতে অস্বীকার করা হয়।

অতঃপর শিক্ষকরা তাদের পাওনা বেতন পরিশোধ করতে এবং দুর্নীতিবাজ ভারপ্রাপ্ত শিক্ষা অফিসারের দুর্নীতির তদন্ত সাপেক্ষে যথাযথ পদক্ষেপ নেয়ার জন্য উপ–পরিচালক প্রাথমিক শিক্ষা–রাজশাহী বরাবরে একটি অভিযোগ দায়েরকরেছে।